

# ভূমিকম্পের পর তাবির রোববারের ক্লাস-পরীক্ষা বন্ধ ঘোষণা

তাবি প্রতিনিধি

২২ নভেম্বর ২০২৫, ০৯:২৬ পিএম



দেশে বারবার ভূমিকম্প অনুভূত এবং এর ফলে শিক্ষার্থী আহত ও শিক্ষক-শিক্ষার্থীরা আতঙ্কিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় (তাবি) কর্তৃপক্ষ রোববারের সব ক্লাস-পরীক্ষা বন্ধ ঘোষণা করেছে।

শনিবার (২২ নভেম্বর) সন্ধ্যায় তাবির পরীক্ষা নিয়ন্ত্রক ড. হিমান্তি শেখর চক্রবর্তীর স্বাক্ষর করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সবার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমিকম্পের কারণে কিছুসংখ্যক শিক্ষার্থী আহত হওয়ায় ও শিক্ষক-শিক্ষার্থীরা আতঙ্কিত হওয়ার কারণে আগামীকাল ২৩ নভেম্বর তারিখের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ সব ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হলো।

স্থগিত হওয়া পরীক্ষাগুলোর নতুন সময়সূচি পরবর্তী সময়ে ঘোষণা করা হবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

প্রসঙ্গত, শুক্রবার ও শনিবার সন্ধ্যায় রাজধানী ঢাকাসহ সারাদেশে বেশ কয়েকবার ভূমিকম্প অনুভূত হয়, যার কারণে অনেক শিক্ষার্থী আতঙ্কে হল এবং ক্যাম্পাস ছেড়ে চলে যেতে শুরু করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিস্থিতি স্বাভাবিক করতে এবং শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে এই জরুরি সিদ্ধান্ত নিয়েছে।

আমাদের সময়/জেএইচ